দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN 26 1999
পৃঃ ৪ কলাম ৬

96

পঞ্চম শ্রেণীর অংক বইয়ের ভুল প্রসঙ্গে

গত ১১ই জুন ইত্তেফাকের চিঠিপত্র বিভাগে পঞ্চম শ্রেণীর গণিত বইয়ে সরল অংকের নিয়ম-নীতি ও একটি ভুল অংক প্রসঙ্গে প্রকাশিত পত্রখানা আমার দৃষ্টি আকর্ষণ করিয়াছে। পত্রলেখকের জবাবে বলিতে চাই, গণিত বইয়ের ৩৮ পৃষ্ঠার ১৭ নম্বর অংকের উত্তর ২ সঠিক আছে। পত্রলেখক বলিয়াছেন, তৃতীয় বন্ধনীর কাজ শেষ করার পর ১৩০÷৫×১৩ হয়, যাহার দরুন ফল হয় ৩৩৮। আসলে বন্ধনীর কাজ শেষ করার পর হইবে ১৩০÷৬৫। কারণ বন্ধনীর ভিতর যতগুলি সংখ্যাই থাকুক না কেন উহাকে একটি সংখ্যা ধরিতে হইবে। শুধু তাহাই নয়, বন্ধনীর পূর্বে কোন চিহ্ন না থাকিলে উহাকে গুণ ধরিলেই চলিবে না, গুণ করিয়া একটি সংখ্যা করিতে হইবে।

সরল অংকের নিয়ম হইতেছে– গুণ ও ভাগের কাজ ক্রমশঃ বাম দিক হইতে ডান দিকে করিতে হইবে। যোগ-বিয়োগের কাজের পূর্বে গুণ ও ভাগের কাজ অবশ্যই সম্পন্ন করিতে হইবে।

শেষে পত্রলেখক গুণের পরিবর্তে 'এর' ব্যবহার করিতে পরামর্শ দিয়াছেন, যাহা আদৌ গ্রহণযোগ্য নহে। কারণ 'গুণ' ও 'এর' একার্থক নহে। একটি উদাহরণ লক্ষ্য করিলে তাহা বুঝা যাইবে,

$\frac{১}{২} \div \frac{১}{৩}$ এর $\frac{১}{৪} = \frac{১}{২} \times \frac{৩}{১} \times \frac{৪}{১} = ৬$;

কিন্তু $\frac{১}{২} \div \frac{১}{৩} \times \frac{১}{৪} = \frac{১}{২} \times \frac{৩}{১} \times \frac{১}{৪} = \frac{৩}{৮}$।

যে সংখ্যাগুলি 'এর' শব্দটির দ্বারা সংযুক্ত থাকে উহাদিগকে একটিমাত্র সংখ্যা মনে করিতে হইবে। যেমনঃ

$১\frac{১}{৩}$ এর $২\frac{১}{৪}$ এর $৩\frac{১}{৩} = ১০$ হইবে।

ভাগ হইল গুণের বিপরীত কাজ মাত্র;

সুতরাং $(\div \frac{৪}{৫}) = (\times \frac{৫}{৪})$। সুতরাং গুণ ও ভাগের কাজ একত্রে থাকিলে, প্রত্যেক ভাগ চিহ্ন বিশিষ্ট সংখ্যার বিপরীত লইয়া ভাগ চিহ্নকে গুণ চিহ্নে পরিবর্তন করিতে হইবে।

সরল অংকে গুণ আগে হইবে না ভাগ আগে হইবে ইহা নিয়া বিভ্রান্ত হইবার কোন কারণ নাই। নিয়মানুসারে, গুণ ও ভাগের কাজ ক্রমশঃ বাম দিক হইতে ডান দিকে করিয়া যাইতে হইবে। অর্থাৎ গুণের কাজ আগে থাকিলে গুণের কাজ এবং ভাগের কাজ আগে থাকিলে ভাগের কাজ আগে করিতে হইবে। যেমনঃ

$\frac{২}{৫} \times \frac{৬}{৭} \div ১\frac{১}{৩} = \frac{২}{৫} \times \frac{৬}{৭} \times \frac{৩}{৪} = \frac{৯}{৩৫}$

আবার, $\frac{২}{৫} \div \frac{৬}{৭} \times ১\frac{১}{৩} = \frac{২}{৫} \times \frac{৭}{৬} \times \frac{৪}{৩} = \frac{২৮}{৪৫}$।

উল্লেখ্য, $\frac{২}{৫} \times \frac{৬}{৭} \div ১\frac{১}{৩} = \frac{১২}{৩৫} \times \frac{৩}{৪} = \frac{৯}{৩৫}$।

আশা করি কিছুটা ধারণা দিতে পারিয়াছি। তবে এই গণিত বইয়ে অন্য অধ্যায়গুলিতে অনেক ভুল, দুর্বোধ্য আর বিভ্রান্তিকর অংক রহিয়াছে যাহা সংশোধন করিয়া সহজ করা অতীব প্রয়োজন।

দুদু জহিরুল ইসলাম,
৫২১/১, পেয়ারাবাগ, ঢাকা-১২১৭।